**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# বার্ধক্যের জন্য নিউ ইয়র্কের সর্বপ্রথম মাস্টার প্ল্যান তৈরি করার লক্ষ্যে গভর্নর হোকলের এক্সিকিউটিভ অর্ডার স্বাক্ষর

***প্রবীণ নিউ ইয়র্কবাসী দিবসে, এক্সিকিউটিভ অর্ডার প্রবীণ নিউ ইয়র্কবাসীরা মর্যাদা ও স্বাধীনতার সাথে বার্ধক্যের সময় স্বাস্থ্যকর, পরিপূর্ণ জীবন যাপন করতে পারে তা নিশ্চিত করতে বার্ধক্যের জন্য সামগ্রিক মাস্টার প্ল্যানের আহ্বান জানিয়েছে***

***স্বাস্থ্য বিভাগ (Department of Health) এবং অফিস ফর দ্য এজিং (Office for the Aging) এর এজিং কাউন্সিলের জন্য মাস্টার প্ল্যান গঠন; স্টেকহোল্ডার উপদেষ্টা কমিটি আহ্বান***

প্রবীণ নিউ ইয়র্কবাসীদের বার্ধক্যের সময় মর্যাদা ও স্বনির্ভরতার সাথে সুস্থ, পরিপূর্ণ জীবনযাপন নিশ্চিত করার জন্য স্টেটের সর্বপ্রথম বার্ধক্যের জন্য মাস্টার প্ল্যান তৈরি করার লক্ষ্যে আজ গভর্নর ক্যাথি হোকল একটি এক্সিকিউটিভ অর্ডারে স্বাক্ষর করেছেন। প্রবীণ নিউ ইয়র্কবাসী দিবসে স্বাক্ষরিত এই এক্সিকিউটিভ অর্ডার স্টেট স্বাস্থ্য বিভাগের কমিশনার এবং অফিস ফর দ্য এজিং এর পরিচালককে এজিং কাউন্সিলের জন্য মাস্টার প্ল্যান গঠনের নির্দেশ দেয়, যা এরপরে প্রবীণ প্রাপ্তবয়স্কদের জন্য সুযোগ প্রদান করে এমন স্বাস্থ্যকর, বাসযোগ্য কমিউনিটি নির্মাণে খসড়া নির্দেশনার জন্য প্রাসঙ্গিক স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত সংগ্রহ করবে।

"দেশের প্রথম বয়স-বান্ধব স্টেট হিসেবে, আমরা প্রবীণ নিউ ইয়র্কবাসীদের ক্ষমতায়ন করতে এবং সহায়তা দিতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ অব্যাহত রেখেছি," **বলেছেন গভর্নর হোকল**। "বার্ধক্যের জন্য এই মাস্টার প্ল্যান আমাদের প্রবীণ নিউ ইয়র্কবাসীদের জন্য এমন সুস্থ, বাসযোগ্য কমিউনিটিতে দীর্ঘকালীন মানসম্পন্ন সেবা প্রাপ্তি নিশ্চিত করার সরঞ্জাম সরবরাহ করবে যেখানে তারা উন্নত জীবন যাপন করতে পারবেন।"

গভর্নর হোকলের এক্সিকিউটিভ অর্ডার সকল প্রজন্মের নিউ ইয়র্কবাসীর বয়স অনুযায়ী তাদের আর্থ-সামাজিক চাহিদা পূরণ করার জন্য একটি পূর্ণাঙ্গ রোডম্যাপ তৈরির পথে প্রথম পদক্ষেপ। আনুষ্ঠানিকভাবে AARP এর বয়স-বান্ধব উপাধি গ্রহণকারী দেশের প্রথম স্টেট হিসেবে নিউ ইয়র্ক স্টেটের অবস্থার উপর ভিত্তি করে, বার্ধক্যের জন্য এই মাস্টার প্ল্যান প্রবীণ প্রাপ্তবয়স্কদের এবং তাদের পরিবারের জন্য বিদ্যমান এবং স্টেটের নতুন নীতি ও কর্মসূচি সমন্বয় করতে সাহায্য করবে, পাশাপাশি মর্যাদা ও স্বাধীনতার সাথে বার্ধক্যের জন্য আরো বেশি দক্ষতা বাড়ানোর সার্বিক

লক্ষ্যে যোগাযোগ, সমন্বয়, কেয়ারগিভিং, দীর্ঘমেয়াদী পরিচর্যার অর্থায়ন এবং উদ্ভাবনী পরিচর্যা মডেলের সাথে সম্পর্কিত চ্যালেঞ্জও মোকাবেলা করবে।

এক্সিকিউটিভ অর্ডারটি বার্ষিক প্রবীণ নিউ ইয়র্কবাসী দিবস, যা স্টেটব্যাপী প্রবীণ প্রাপ্তবয়স্কদের মধ্যে স্বেচ্ছাসেবীতাকে সম্মান করে, উদযাপনের আগে নিউ ইয়র্ক স্টেট অফিসে অগ্রিম স্বাক্ষর করা হয়েছে। আজ দুপুর 1টা থেকে শুরু হওয়া এই ভার্চুয়াল উদযাপন স্টেট জুড়ে 94 জন প্রবীণ প্রাপ্তবয়স্ককে নাগরিক সংস্থা, দাতব্য সংস্থা, স্কুল বা গ্রন্থাগারে, স্বাস্থ্য ও মানব সেবা সংস্থা বা অন্যান্য অলাভজনক সংস্থার পক্ষ থেকে এবং মহানুভবতার মাধ্যমে তাদের অনন্য অবদানের জন্য সম্মানিত করবে।

স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি ব্যাসেট বা তার মনোনীত ব্যক্তি এজিং কাউন্সিলের জন্য মাস্টার প্ল্যানের সভাপতিত্ব করবেন, অফিস ফর এজিং এর ডিরেক্টর গ্রেগ ওলসেন ভাইস-চেয়ার হিসেবে দায়িত্ব পালন করবেন এবং সংশ্লিষ্ট স্টেট সংস্থার কমিশনার ও পরিচালকরা এর সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। কাউন্সিল এরপর স্বাস্থ্যসেবা ও সহায়তা পরিষেবা সরবরাহকারী; ভোক্তা; অনানুষ্ঠানিক কেয়ারগিভার; প্রবীণ প্রাপ্তবয়স্ক - বিশেষ করে বৈষম্যের সম্মুখীন ও কমিউনিটির; স্বাস্থ্য পরিকল্পনা কোম্পানি, শ্রমিক ও কমিউনিটি-ভিত্তিক সংস্থা, নিয়োগকারী, বার্ধক্যজনিত বিশেষজ্ঞ এবং অ্যাকাডেমিক গবেষক সদস্যদের সহ একটি স্টেকহোল্ডার কমিটি গঠন করবে।

এই বছরের শুরুর দিকে, দীর্ঘমেয়াদী পরিচর্যা পরিষেবা ও সহায়তা প্রয়োজন এমন প্রবীণ নিউ ইয়র্কবাসী ও প্রতিবন্ধী ব্যক্তিদের চাহিদা পূরণের জন্য নীতি ও কর্মসূচি তৈরির জন্য স্টেট স্বাস্থ্য বিভাগ অফিস অফ এজিং এবং দীর্ঘমেয়াদী পরিচর্যা ব্যবস্থা প্রতিষ্ঠা করেছে। জুলাই মাসে তৈরি করা, এই নতুন অফিস বয়স্ক নিউ ইয়র্কবাসীদের সাথে সম্পর্কিত স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সমন্বয় করার জন্য স্বাস্থ্য বিমা কর্মসূচি অফিস (Office of Health Insurance Programs), প্রাথমিক পরিচর্যা ও হেলথ সিস্টেমস ম্যানেজমেন্ট অফিস (Office of Primary Care and Health Systems Management) এবং স্টেট অফিস ফর দ্য এজিং (Office for the Aging) এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে।

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের দীর্ঘমেয়াদী পরিচর্যা সেবা ও সহায়তার বিস্তৃত শ্রেণিকে সমর্থন করার দীর্ঘ ইতিহাস রয়েছে এবং আমি দেশের প্রথম বার্ধক্যের জন্য মাস্টার প্ল্যানের ক্ষেত্রে সেই পরম্পরার উপর ভিত্তি করে নির্মাণের জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। আমাদের বিভাগের সম্প্রতি তৈরি করা অফিস অফ এজিং এবং লং টার্ম কেয়ারের কাজ গভর্নর হোকলের দীর্ঘমেয়াদী পরিচর্যা ব্যবস্থার দৃষ্টিভঙ্গির মাধ্যমে পরিচালিত হবে যা অ্যাক্সেসযোগ্য, কার্যকর এবং সাশ্রয়ী মূল্যের, এমন একটি সিস্টেম যা প্রতিটি ব্যক্তির অনন্য চাহিদা ও প্রত্যাশাকে স্বীকৃতি দেবে।"

**নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দি এজিং এর ভারপ্রাপ্ত ডিরেক্টর গ্রেগ ওলসেন বলেন,** "এই মাস্টার প্ল্যান একটি শক্তিশালী ভিত্তির উপর গড়ে উঠেছে যা প্রবীণ প্রাপ্তবয়স্ক এবং তাদের পরিবারের জন্য সুযোগ-সুবিধা ও সহায়তা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে একটি সমন্বিত প্রচেষ্টার মধ্য দিয়ে স্টেট এজেন্সিগুলোকে একত্রিত করছে। গভর্নর হোকলের নেতৃত্বে, এই শক্তিশালী,

মাল্টি-সিস্টেম সাড়াদান উচ্চ-খরচের পরিষেবাসমূহ প্রতিরোধের উপর জোরালো গুরুত্ব আরোপের সাথে সাথে, স্বাস্থ্যসেবা থেকে পরিবহন, সাশ্রয়ী বাসস্থান থেকে কমিউনিটি উন্নয়ন, এবং স্বাস্থ্যের সামাজিক নির্ধারক পর্যন্ত, একাধিক ডোমেইনে ফলাফল অর্জন করছে। নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এজিং একটি পদ্ধতিগত প্রচেষ্টায় এই কাজটি একত্রিত করার জন্য কয়েক দশক ধরে কমিউনিটিতে নিউ ইয়র্কের প্রবীণ প্রাপ্তবয়স্কদের পক্ষে কাজ করার অভিজ্ঞতার উপর ভিত্তি করে স্বাস্থ্য বিভাগ, অংশীদার সংস্থা এবং স্টেকহোল্ডারদের সাথে যোগ দিতে পেরে গর্বিত।"

**নিউইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের ডেপুটি কমিশনার ফর এজিং এন্ড লং-টার্ম কেয়ার অ্যাডাম হার্বস্ট বলেন,** "অফিস অফ এজিং এন্ড লং টার্ম কেয়ার এটি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে যে নিউ ইয়র্কের এমন একটি স্বাস্থ্যসেবা ব্যবস্থা থাকবে যা স্টেটের ক্রমবর্ধমান সংখ্যক প্রবীণ বাসিন্দাদের চাহিদার প্রতি সহানুভূতিশীল। এটি স্টেটের প্রথম বার্ধক্যের জন্য মাস্টার প্ল্যান বিকাশের লক্ষ্যে একটি ব্যাপক অন্তর্ভুক্তিমূলক প্রচেষ্টায় নেতৃত্ব দিতে সাহায্য করবে, যা দীর্ঘকালীন সেবার পুনর্গঠন করতে স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য উদ্যোগকে একীভূত করবে।"

**অ্যাসোসিয়েশন অন এজিং ইন নিউ ইয়র্কের এক্সিকিউটিভ ডিরেক্টর রেবেকা প্রিভ বলেন,** "অ্যাসোসিয়েশন অন এজিং ইন নিউইয়র্ক রোমাঞ্চিত হয়েছে যে গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দি এজিং, এবং নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ বার্ধক্যের জন্য একটি পূর্ণাঙ্গ মাস্টার প্ল্যান তৈরির লক্ষ্যে একসাথে কাজ করছে। এই মাস্টার প্ল্যান প্রবীণ প্রাপ্তবয়স্ক এবং সকল বয়সী ব্যক্তির জন্য নিউ ইয়র্ককে একটি বয়স-বান্ধব, অন্তর্ভুক্তিমূলক, ও অ্যাক্সেসযোগ্য স্থান হিসেবে নিশ্চিত করতে এখানে ইতোমধ্যে সম্পন্ন হওয়া বিদ্যমান কাজ ও অগ্রগতির ভিত্তিতে গড়ে উঠেছে। এই পরিকল্পনা নাগরিক, চিন্তাশীল নেতা এবং সরকারি ও বেসরকারি খাতের বিশেষজ্ঞদের কাছ থেকে মতামত সংগ্রহ করার সুযোগ প্রদান করে, যারা জীবদ্দশায় ব্যক্তিদের সেবা করে, নিউ ইয়র্কবাসীদেরকে বার্ধক্যে সফলভাবে পছন্দের স্থানে থাকা বেছে নেওয়া সমর্থন করে।"

**হেলথ ফাউন্ডেশন ফর ওয়েস্টার্ন অ্যান্ড সেন্ট্রাল নিউ ইয়র্কের প্রেসিডেন্ট নোরা ওব্রায়েন-সুরিক বলেন,** "আজকের এক্সিকিউটিভ অর্ডারের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ যা নিউ ইয়র্ক স্টেটে বার্ধক্যের জন্য একটি সামগ্রিক মাস্টার প্ল্যানের প্রতি তার প্রতিশ্রুতিকে সুদৃঢ় করে তোলে। এটি নিউ ইয়র্কের প্রবীণ প্রাপ্তবয়স্ক এবং সকল লোকের জন্য একটি ঐতিহাসিক মুহূর্ত যারা স্টেট জুড়ে স্বাস্থ্যকর বার্ধক্যকে গুরুত্ব দেয়। হেলথ ফাউন্ডেশন 2021 সাল থেকে নিউ ইয়র্ককে এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ার পক্ষে সমর্থন করেছে, যখন আমরা স্টেটের এই জাতীয় পরিকল্পনার আহ্বান জানানোর ক্ষেত্রে প্রথম সংস্থা ছিলাম। তখন থেকে আমরা স্বাধীন, বৈচিত্র্যময় অলাভজনক সংস্থার নেতৃত্বে সাহায্য করতে পেরে গর্বিত এবং — নিউ ইয়র্ক স্টেট মাস্টার প্ল্যান ফর এজিং কোয়ালিশন এর পক্ষে — যারা অন্তর্দৃষ্টি ও পরামর্শ প্রদান করতে সহযোগিতা করে যা স্টেটের পরিকল্পনাকে অন্তর্ভুক্তিমূলক, জবাবদিহিমূলক এবং কমিউনিটি কেন্দ্রিক হওয়ার বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করতে পারে৷ পরিকল্পনা বাস্তবায়নের প্রতিটি পর্যায়ে, নিউ ইয়র্কের প্রবীণ প্রাপ্তবয়স্কদের এবং যারা তাদের পরিচর্যা করে তাদের চাহিদাকে শীর্ষ অগ্রাধিকার দেওয়া, এবং এই পরিকল্পনা যাতে স্বচ্ছ ও পরিমাপযোগ্য প্রক্রিয়ায় যা স্বাস্থ্য সমতা এবং স্বাস্থ্যকর বার্ধক্যের নীতি দ্বারা চালিত হয় এটা নিশ্চিত করার জন্য আমরা গভর্নর হোকল ও

তার দলকে ধন্যবাদ জানাই। যারা এই সমস্যাগুলোর সবচেয়ে কাছে তাদের মতামতকে অগ্রাধিকার দিয়ে, নিউ ইয়র্ক গর্বের সাথে এমন পরিকল্পনা বাস্তবায়ন করতে পারে যা যেকোনো বয়সের সকল মানুষের উন্নতির সক্ষমতার উপর সর্বাধিক সম্ভাব্য দীর্ঘমেয়াদী প্রভাব ফেলে।"

**নিউ ইয়র্ক স্টেট মাস্টার প্ল্যান ফর এজিং কোয়ালিশন এর কো-অর্ডিনেটর বব ব্লাঙ্কাটো বলেন,** "বার্ধক্যের জন্য মাস্টার প্ল্যানের আজকের এক্সিকিউটিভ অর্ডারের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। এই মুহূর্তটি ভবিষ্যতে নিউ ইয়র্ককে চালিত করার জন্য ক্রস-সেকশনাল, ন্যায়সঙ্গত, আন্তঃপ্রাজন্মিক ও স্বচ্ছ পরিকল্পনা তৈরির প্রভাবক হতে পারে। এই এক্সিকিউটিভ অর্ডার বার্ধক্যের জন্য মাস্টার প্ল্যান তৈরিতে একটি দৃঢ় পথ সরবরাহ করে যা স্টেটের বিদ্যমান নীতিমালার ভিত্তি হবে, এর সাথে যোগ করবে এবং এটি আরো ভালোভাবে সমন্বয় করবে যেমন সকল নীতি জুড়ে স্বাস্থ্য ও বয়স এবং বয়স-বান্ধব নিউ ইয়র্ক স্টেট। আমরা বিশেষ করে গভর্নরের স্বীকৃতির প্রশংসা করি যে স্টেকহোল্ডারদের সক্রিয় অংশগ্রহণ একটি কার্যকর পরিকল্পনার জন্য অত্যাবশ্যক। আমরা এক্সিকিউটিভ অর্ডার দ্বারা তৈরি স্টেকহোল্ডার উপদেষ্টা কাউন্সিলে আমাদের জোটের শক্তিশালী প্রতিনিধিত্বের জন্য আগ্রহী।"

2017 সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং AARP কর্তৃক মনোনীত দেশের প্রথম প্রবীণ-বান্ধব স্টেট হিসেবে নিউ ইয়র্কের অবস্থানের উপর ভিত্তি করে প্রবীণদের জন্য মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছে। এই স্ট্যাটাস বাসযোগ্যতার আটটি ডোমেইনের উপর ভিত্তি করে মনোনীত করা হয়েছে: আউটডোর স্থান ও ভবন, পরিবহন, আবাসন, সামাজিক অংশগ্রহণ, সম্মান ও সামাজিক অন্তর্ভুক্তি, কাজ ও নাগরিক সম্পৃক্ততা, যোগাযোগ ও তথ্য, কমিউনিটি ও স্বাস্থ্য পরিষেবা।

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রবীণ প্রাপ্তবয়স্কদের চতুর্থ বৃহত্তম জনসংখ্যা নিউ ইয়র্কে রয়েছে, 3.2 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর - জনসংখ্যার প্রায় 16 শতাংশ - বয়স 65 এর ওপরে। 2030 সালের মধ্যে নিউ ইয়র্কের 60 বছরের বেশি বয়সীদের সংখ্যা 5.3 মিলিয়নে এবং যাদের বয়স আশি বছরের বেশি তাদের সংখ্যা 1.2 মিলিয়নের বেশিতে উন্নীত হবে বলে অনুমান করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের জনসংখ্যার প্রায় 36 শতাংশের বয়স 50 বছর বা তার বেশি। এই জনসংখ্যা স্টেটের মোট দেশজ উৎপাদনে 43 শতাংশ (প্রায় 719 বিলিয়ন ডলার) অবদান রাখে, মজুরি ও বেতনে 482 বিলিয়ন ডলার আয় করে এবং স্টেট ও স্থানীয় করের ক্ষেত্রে 72 বিলিয়ন ডলার অবদান রাখে।

60 বছরের বেশি বয়সী প্রাপ্তবয়স্করা 13.8 বিলিয়ন ডলার অর্থনৈতিক মূল্যের বার্ষিক 495 মিলিয়ন ঘণ্টার বেশি কমিউনিটি পরিষেবা প্রদান করে। এই বয়সের প্রায় 66 শতাংশ নিজস্ব বাড়ির মালিক এবং তাদের কোনো মর্টগেজ নেই।

গভর্নর হোকল আরো বয়স-বান্ধব নিউ ইয়র্ক নির্মাণের উদ্যোগ জয় করে চলেছেন, যার মধ্যে রয়েছে প্রবীণ প্রাপ্তবয়স্কদের জন্য আবাসন নির্মাণের জন্য 300 মিলিয়ন ডলার, পাঁচ বছরের 25 বিলিয়ন ডলারের বিস্তৃত আবাসন পরিকল্পনার অংশ যা সাশ্রয়ী মূল্যের আবাসনের 100,000 ইউনিট তৈরি ও সংরক্ষণ করবে। এই বছরের স্টেট বাজেটে স্বাস্থ্যসেবা অবকাঠামোতে 10

বিলিয়ন ডলারের বিনিয়োগও অন্তর্ভুক্ত রয়েছে যা কমিউনিটি-ভিত্তিক বিকল্পের লভ্যতা বৃদ্ধি করে যাতে প্রবীণ প্রাপ্তবয়স্করা বার্ধক্যে পছন্দের স্থানে থাকা বেছে নিতে সক্ষম হন।

2023 অর্থবছরের স্টেট বাজেট এছাড়াও 181.5 মিলিয়ন ডলার প্রদান করে, সেইসাথে নিবেদিত ফেডারেল তহবিলে অতিরিক্ত 114.9 মিলিয়ন ডলার, এমন কর্মসূচির জন্য যা অফিস ফর দ্য এজিং কর্মসূচি এবং সহায়তার মাধ্যমে নিউ ইয়র্কের প্রবীণ প্রাপ্তবয়স্কদের এবং তাদের কেয়ারগিভারদের স্বাধীনতাকে সহায়তা করে, যাতে অন্তর্ভুক্ত রয়েছে প্রযুক্তির মাধ্যমে সামাজিক বিচ্ছিন্নতা মোকাবেলায় নতুন ও সম্প্রসারিত উদ্ভাবন।

বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট লেজিসলেচার মেডিকেইড ও মেডিকেয়ার সেভিংস কর্মসূচির জন্য প্রবীণদের উপযুক্ততা বৃদ্ধি করেছে। 65 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য, আয়ের সীমা ফেডারেল দারিদ্র্য স্তরের 138 শতাংশ পর্যন্ত বৃদ্ধি পাবে। এটি নিশ্চিত করবে যাতে আরো বেশি নিউ ইয়র্কবাসী নির্ভরযোগ্য, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য কভারেজের অ্যাক্সেস পান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418